উপজেলা পরিষদ

বিশ্বনাথ, সিলেট

উপজেলা পরিষদের মার্চ ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ নুনু মিয়া, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ, সিলেট

সভার স্থান ঃ বিআরডিবি হলরুম, বিশ্বনাথ, সিলেট

সভার তারিখ ঃ ১০-০৩-২০২২ খ্রি., সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট 'ক'

বিশ্বনাথ উপজেলা পরিষদের অদ্যকার সভার সভাপতি উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার বিশ্বনাথ, সিলেট'কে অনুরোধ জানান।

আলোচ্য বিষয় অনুযায়ী/ বিভাগওয়ারী আলোচনা, সিদ্ধান্ত এবং বাস্তবায়ন নিম্নরুপ ঃ

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ	বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ ঃ বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দ জানান যে, ফেব্রুয়ারি ২০২২ মাসের সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে, কোন আপত্তি/সংশোধন নেই।	কোন আপত্তি/সংশোধন না থাকায় বিগত জানুয়ারি ২০২২ মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	০১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, বিশ্বনাথ ০২। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ
০২	সকল দপ্তরের সর্বশেষ সার্কুলার উপস্থাপন	বিভিন্ন দপ্তর কর্তৃক কোন সার্কুলার পাওয়া যায়নি।	-------	সংশ্লিষ্ট সকল
০৩	উপজেলার স্থায়ী কমিটি সমূহের সুপারিশ	উপজেলার স্থায়ী কমিটি সমূহের কোন সুপারিশ পাওয়া যায় নি।	উপজেলার স্থায়ী কমিটি সমূহের সদস্য সচিবসহ সংশ্লিষ্ট সকলকে নিয়মিত স্থায়ী কমিটির সভা আহবান করে সুপারিশ পরবর্তী মাসিক সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।	সংশ্লিষ্ট সকল
০৪	সংসদ সদস্য মহোদয়ের উপদেশ	মাননীয় সংসদ সদস্য মহোদয় উপস্থিত না থাকায় কোন উপদেশ পাওয়া যায়নি।	------	-----
০৫	উপজেলা কৃষি বিভাগ	উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান উপজেলায় বোরো ধানের কাঙ্খিত অর্জন সম্ভব হয়েছে (৭২৩৫ হেঃ)। মাঠে কিছু পরিমাণে বোরো ধানের পাতা ব্লাস্ট রোগের আক্রমণ রয়েছে যা পরবর্তীতে শীষে আক্রমণ করে শীষ ব্লাস্ট হতে পারে ও ফসলের ক্ষতি করতে পারে। এই রোগকে নিয়ন্ত্রণে রাখতে ব্যাপক প্রচারণা প্রয়োজন। বীর ০.৮ গ্রাম/লিঃ ট্রপার ০.৮ গ্রাম/লিঃ, ফ্লিলিয়া ১ গ্রাম/লিঃ হারে স্প্রে করে এই রোগকে দমন করা সম্ভব। উপজেলায় সেচ সমস্যাসহ ভাল মানের বীজের ঘাটতি রয়েছে। উপজেলা উন্নয়ন সহায়তা তহবিল (এডিপি) থেকে বরাদ্দ পাওয়া গেলে ঘাটতি পূরণ করা সম্ভব হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।	০১। দাপ্তরিক কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়। ০২। উপজেলায় সেচ সমস্যা সমাধানসহ ভাল মানের বীজের ঘাটতি পূরণের লক্ষ্যে উপজেলা উন্নয়ন সহায়তা তহবিল (এডিপি) এর সংশ্লিষ্ট খাত হতে প্রয়োজনীয় বরাদ্দ প্রদান করা যায় কি না, এ বিষয়ে আগামী সভায় অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়	০১। উপজেলা কৃষি কর্মকর্তা, বিশ্বনাথ ০২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিশ্বনাথ
০৬	উপজেলা প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।তিনি আরও জানান গত ১৬/০২/২০২২ খ্রি. তারিখে সারাদেশে ন্যয় বিশ্বনাথে প্রাণিসম্পদ প্রদর্শনী সম্পন্ন হয়েছে। ফেব্রুয়ারি/২০২২ মাসের জেলা পরিষদ সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক গবাদিপশুর স্বাস্থ্য উন্নীতকরণে পরিকল্পনা গ্রহণ করা হবে। গবাদিপশুর ক্রিমিনাশক বিতরণে এডিপি হতে বরাদ্দ প্রদান করতে হবে। ঘাস চাষ প্রকল্পে একজন কর্মী নিয়োগ প্রক্রিয়াধীন। এর মাধ্যমে প্রান্তিক ঘাস চাষ সম্প্রসারন হবে ফলে গো-অদ্য সরবরাহ বৃদ্ধি পাবে।	দাপ্তরিক কার্যক্রম আরো জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিশ্বনাথ

০৭।	উপজেলা পরিবার কল্পনা বিভাগ	উপজেলা পরিবার কল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান ফেব্রুয়ারি/২০২২ ইং মাসে সিএআর ৭৫ঃ২৮%, স্থায়ী পদ্ধতি ০৬ জন, ইমপ্ল্যান্ট ৩৮ জন, আই, ইউ, ডি ০৫ জন, গর্ভবর্তী সেবা ৫৭৫ জন, প্রসব ১৮২ জন এবং শিশু ২৪৫১ জনকে সেবা প্রদান করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা পরিবার কল্পনা কর্মকর্তা, বিশ্বনাথ
০৮	উপজেলা প্রকৌশল বিভাগ	উপজেলা প্রকৌশলী, সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা প্রকৌশল বিভাগের আলোচনা, সিদ্ধান্ত ও বাস্তবায়ন পরিশিষ্ট 'খ' তে দ্রষ্টব্য।	দাপ্তরিক কার্যক্রম আরো জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিশ্বনাথ
০৯	উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ	উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো ও জানান যে, বিগত ০২/০৩/২০২২ ইং হতে প্রাথমিক স্তরের সকল বিদ্যালয় সরাসরি পাঠদান শুরু হওয়ার সম্ভবনা রয়েছে। এছাড়া প্রাথমিক স্তরের ০৫+ বছরের সকল শিক্ষার্থীদের ভ্যাকসিনের আওতায় আনার লক্ষে ইতোমধ্যে শিক্ষার্থীর সংখ্যা উর্দ্ধতন অফিসে প্রেরণ করা হচ্ছে। তাদের ভ্যাকসিন দেওয়া শুরু হবে বলে আশা করা যায়। এ প্রেক্ষিতে সকলের সহযোগিতা কামনা করেন।	দাপ্তরিক কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা কর্মকর্তা, বিশ্বনাথ
১০	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান ব্যানবেইস শিক্ষামন্ত্রনালয়ের আওতাধীন উপজেলা পরিষদের অভ্যন্তরে পল্লী সঞ্চয় ব্যাংক সংলগ্ন নতুন নির্বাচিত স্থানে বঙ্গবন্ধু ডিজিটাল আইসিটি শিক্ষা ভবন নির্মাণের লক্ষে ইতিমধ্যে প্রতিবন্ধকতা অপসারণ হয়েছে এবং মাটি পরীক্ষা করে রিপোর্ট ব্যানবেইসে প্রেরন করা হয়েছে। মার্চ/২০২২ মাসেই ভবনের নির্মাণ কাজ শুরু হবে। ১২-১৮ বছর বয়সী শিক্ষার্থীদের ১ম ও ২য় ডোজ ভ্যাকসিন কার্যক্রম ২২,১৯০ জনের ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। উল্লেখ্য আইসিটি নতুন ভবন নির্মানের নামযুক্ত স্থাপিত ব্যানার আনুমানিক রাত্রে কে-কারা ০৯/০৩/২০২২ খ্রি. তারিখে চুরি করে নিয়ে যায়, যা পরিষদকে অবগত করা হয়।	০১। দাপ্তরিক কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়। ০২। আইসিটি ভবন নির্মানের নিধার্রিত স্থানের প্রতিবন্ধকতা অপসারন ও মাটি পরীক্ষার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিশ্বনাথ
১১	উপজেলা মহিলা বিষয়ক বিভাগ	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান অফিস ভবনটির পেছনের গাছ পরে পুকুরে পরে যাওয়ায় ভবনটি নিচের মাটি অনেকটুকু মরে গেছে। ফলে ভবনটি পেছন থেকে হেলে গিয়েছে। নতুন ভবন আবশ্যক বিপদজনক পরিবেশ এড়িয়ে কাজ করার জন্য। উপজেলার ড্রেনেজ সিস্টেম কন্সট্রাকশন কাজের জন্য বিভিন্ন জায়গায় বন্ধ হয়ে গিয়েছে। খালগুলো সঠিক ভাবে খনন করে পানি বের হওয়ার পথ করে দিলে মহিলা বিষয়ক অফিসে পানি জমবে না।	০১। দাপ্তরিক কার্যক্রম আরো জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়। ০২। উপজেলা কমপ্লেক্সের ড্রেনেজ ব্যবস্থার সংস্কার কাজের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	০১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিশ্বনাথ ০২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিশ্বনাথ
১২	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প হতে ২০২১-২০২২ অর্থ বছরে ২য় পর্যায়ে ৬০টি গভীর নলকূপ ও ০৬টি ইম্প্রভড ল্যাটিন এর বরাদ্দ পাওয়া যায়। সেখানে ৫০% স্থান নির্বাচন করবেন এবং বাকী ৫০% ইউনিয়ন ওয়াটশন হতে প্রাপ্ত তালিকা উপজেলা ওয়াটশন কমিটির মাধ্যমে চুড়ান্ত হবে।	দাপ্তরিক কার্যক্রম আরো জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বিশ্বনাথ
১৩	উপজেলা সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান ইতোমধ্যে সকল ভাতার ২য় কিস্তির পে-রোল দেওয়া হয়েছে। গতিশীল রাখার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করা হয়।	দাপ্তরিক কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিশ্বনাথ

১৪	উপজেলা সমবায় বিভাগ	উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা সমবায় কর্মকর্তা, বিশ্বনাথ
	আয়-ব্যয় হিসাব	উপজেলা পরিষদের চেয়ারম্যান এর কার্যালয়ে আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা খরচ হয়েছে। উপজেলা পরিষদের সাধারণ সভার আপ্যায়ন বিল বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা খরচ হয়েছে।	উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধিত/ দাখিলকৃত উক্ত বিলগুলি অদ্যকার সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ ০২। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ
১৬	বিবিধ-১	চেয়ারম্যান, বিশ্বনাথ ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, ২০২০-২০২১ অর্থ বছরের এডিপি তহবিলের আওতায় শ্যাসরাম রোড হতে মজনু মিয়া হাউজ রোড এর দরপত্র আহ্বান করা হয়। কিন্তু উক্ত রোড এর পরিবর্তে ধীতপুর রোড হতে সাইদুল হাউজ পর্যন্ত রোড নির্মাণ প্রকল্প বাস্তবায়নের জন্য তিনি সভায় সংশোধন আনায়নের জন্য অনুরোধ জানান।	বিধি মোতাবেক উক্ত রাস্তার কার্যক্রম সম্পন্নের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিশ্বনাথ
	বিবিধ-২	উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভাকে অবহিত করেন যে, বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদ প্রশাসনিক সভাকক্ষে ইন্টোরিয় ওয়ার্ক বাবদ ৬,৪৯,৫৬০/- টাকা, উপজেলা পরিষদ প্রশাসনিক সভাকক্ষে ফার্ণিচার ক্রয় বাবদ ৬,১২,৩০৪/- টাকা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষের ইন্টোরিয়র ওয়ার্ক বাবদ ৪,৯৮,৯০৪/- টাকা, উপজেলা নির্বাহী অফিসার অফিস কক্ষে ইন্টোরিয়র ওয়ার্ক বাবদ ৪,৯৮,৯০৪/- টাকা ও উপজেলা প্রকৌশলীর অফিস কক্ষ ইন্টোরিয়র ওয়ার্ক বাবদ ৪,৯৮,৯০৪/- টাকাসহ সর্বমোট ২৭,৫৮,৫৭৬/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	উপজেলা রাজস্ব তহবিল হতে বর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নের অনুমোদনের নিমিত্ত উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমতি গ্রহণের জন্য পত্র প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ
	বিবিধ-৩	উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, ১৪২৯ বাংলা সনের উপজেলার হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি প্রকাশের জন্য দৈনিক উত্তরপূর্ব পত্রিকায় প্রেরণ করা হয়। উক্ত বিজ্ঞপ্তি প্রকাশ বাবদ ৪১,৬৬৪/- (এক চল্লিশ হাজার ছয়শত চৌষট্টি) টাকার বিল সংশ্লিষ্ট পত্রিকার কর্তৃপক্ষ কর্তৃক দাখিল করা হয়েছে। উক্ত বিল বিগত বছরের একই বিজ্ঞপ্তির একই পত্রিকার প্রকাশের বিলের চেয়ে দ্বিগুন। পত্রিকা অফিসের ভুলের কারণে উপরের পাতায় বিজ্ঞপ্তি প্রকাশের ফলে উক্ত বিল বেশি আসছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	উপজেলা রাজস্ব তহবিল হতে উক্ত পত্রিকার বিল পরিশোধের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ ০২। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ
	বিবিধ-৪	উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিষদের প্রশাসিক ভবনের সভাকক্ষ তৈরীর পূর্বে বিআরডিবি হলরুম বিভিন্ন সভার জন্য ব্যবহার করা হয়। এ প্রেক্ষিতে গত জুলাই ২০২১ হতে মার্চ ২০২২ পর্যন্ত বিদ্যুৎ বিল উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (অঃ দাঃ) কর্তৃক দাখিল করা হয়েছে।	বর্ণিত বিদ্যুৎ বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ এবং আগামী এপ্রিল ২০২২ মাস হতে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, বিশ্বনাথ কর্তৃক পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ ০২। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ ০৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিশ্বনাথ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

10/03/2022

(মোঃ নুনু মিয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিশ্বনাথ, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়
বিশ্বনাথ, সিলেট

স্মারক নং- ০৫.৪৬.৯১২০.০০২.০৩.০১৯-২০৬(৫০) তারিখ ঃ ১০-০৩-২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

০১. মাননীয় সংসদ সদস্য, সিলেট-২
০২. সিনিয়রসচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫. জেলা প্রশাসক, সিলেট
০৬. উপ পরিচালক, স্থানীয় সরকার শাখা, সিলেট
০৭. নির্বাহী প্রকৌশলী, এল.জি.ই.ডি, সিলেট
০৮. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ, সিলেট
০৯. জনাব .....ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ, সিলেট
১০. উপজেলা.....কর্মকর্তা, বিশ্বনাথ, সিলেট
১১. চেয়ারম্যান,লামাকাজী/খাজাঞ্চী/অলংকারী/রামপাশা/দৌলতপুর/বিশ্বনাথ/দেওকলস/দশঘর ইউনিয়ন পরিষদ, বিশ্বনাথ, সিলেট
১২-১৪। জনাব .....,..... সংরক্ষিত আসনের মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিশ্বনাথ, সিলেট

১০.০৩.২০২২

উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বনাথ, সিলেট
☎০৮২২৪-৫৬০৬৯

পরিশিষ্ট 'ক'
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

ক্রমিক নং	নাম ও পদবী
০১	জনাব মোঃ হাবিবুর রহমান, ভাইস চেয়ারম্যান, বিশ্বনাথ
০২	জনাব মোছাঃ জুলিয়া বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, বিশ্বনাথ
০৩	জনাব মোঃ ছয়ফুল হক, চেয়ারম্যান, ০৬নং বিশ্বনাথ ইউ.পি, বিশ্বনাথ
০৪	জনাব কবির হোসেন ধলা মিয়া, চেয়ারম্যান, ০১নং লামাকাজি ইউ.পি, বিশ্বনাথ
০৫	জনাব মোহাম্মদ আমির আলী, চেয়ারম্যান, ০৫নং দৌলতপুর ইউ.পি, বিশ্বনাথ
০৬	জনাব আরশ আলী গনি, চেয়ারম্যান, ০২নং খাজাঞ্চী ইউ. পি, বিশ্বনাথ
০৭	জনাব সঞ্জিত চন্দ্র সরকার, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বিশ্বনাথ
০৮	জনাব মোঃ শাহেদ আহমেদ আবরী, উপজেলা সমাজসেবা অফিস
০৯	জনাব মোঃ মাহবুব আলম সরকার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিশ্বনাথ
১০	জনাব জান্নাতুল ফেরদৌস চৌধুরী, উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, বিশ্বনাথ
১১	জনাব বদরুন নাহার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিশ্বনাথ
১২	জনাব মোঃ মামুনুর রশীদ, উপজেলা শাখা ব্যবস্থাপক ও পল্লী সঞ্চয় ব্যাংক, বিশ্বনাথ
১৩	জনাব কৃষ্ণা রানী তালুকদার, উপজেলা সমবায় কর্মকর্তা, বিশ্বনাথ জনাব
১৪	জনাব বিধান রায়, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিশ্বনাথ
১৫	জনাব সমীর কান্তি দেব, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিশ্বনাথ
১৬	জনাব মোঃ আব্দুর রাজ্জাক, উপজেলা শিক্ষা কর্মকর্তা
১৭	জনাব মোঃ আবু সাঈদ, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিশ্বনাথ
১৮	জনাব কনক চন্দ্র রায়, উপজেলা কৃষি কর্মকর্তা, বিশ্বনাথ
১৯	জনাব ডাঃ মোহাম্মদ আব্দুস শহিদ হোসেন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিশ্বনাথ

উপজেলা প্রকৌশল দপ্তর	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
	১। ১৫.০৭.২০২১ ইং তারিখে অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সহায়তা কর্মসূচী ২০২১-২০২২এর কার্য বিবরনীর ক্রমিক নং-১৪৪ ও ১৪৫ এবং ২৩.০৯.২০২১ ইং তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্য বিবরনীর ক্রমিক নং-১৪৪ ও ১৪৫ কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী এডিপি টেন্ডার নং-০২/২০২১-২২ এর প্যাকেজ নং-৪ ও ক্রমিক নং-২ এর বরাদ্দকৃত স্কীম বাতিল পূর্বক বরাদ্দকৃত টাকা একই প্যাকেজের ক্রমিক নং-১(এক) এর বরাদ্দের সাথে যুক্ত করে বাস্তবায়ন এবং কাসিমপুর রাস্তা হইতে জনাব মরহুম আরফান উল্যাহ সাহেবের বাড়ীর সামনে গেইট নির্মান কাজ বর্তমানে বাস্তবায়নযোগ্য। ২। জাইকা প্রকল্পের আওতায় নিম্নলিখিত কাজগুলি সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান বাস্তবায়ন করিয়াছেন। (১) টেন্ডার আইডি নং-৫৯৭৪২০ প্যাকেজ নং- আইএনএফ ২০১৯-২০-৬০৯১২০-১ Establishment of Central Oxygen Supply system at Biswanath Upazila Health Complex under Biswanath,Sylhet (২) টেন্ডার আইডি নং-৫৯৭৪২৪ প্যাকেজ নং-আইএনএফ-২০১৯-২০-৬৯১২০-২ Bench Supply in different Primary School and Secondary Schools of Biswanath Upazila,District:Sylhet. ৩। উপজেলা শহর (নন-মিউনিসিপাল)মাস্টার প্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২২-২০২৩ অর্থ বৎসরে সম্ভাব্য নিম্নলিখিত প্রকল্প বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপিত হয়। ১। অলংকারী ইউনিয়নের বন্ধুয়া গ্রামের কেন্দ্রিয় জামে মসজিদের সামনে ব্রীজ নির্মান ১৪ ফুট। ২। দৌলতপুর ইউনিয়নের মিয়াজানেরগাঁও চরচন্ডি খালের উপর তাহিদ মিয়ার বাড়ীর সামনে ব্রীজ নির্মাণ ৯ফুট। ৩। রামপাশা ইউনিয়নঃ ধলিপাড়া গ্রামের ইমামুল হকের দোকানের সামন হইতে নেছার মিয়ার বাড়ীর সামন পর্যন্ত ড্রেইন নির্মান ৫০০ফুট। ৪। রামপাশা ইউনিয়ন ঃ এলজিইডি রাস্তা হইতে আলী হোসেনের বাড়ী পর্যন্ত ড্রেইন নির্মান ৫০০ফুট। ৫। দশঘর ইউনিয়ন ঃ লাঠের বাড়ী তৌরিছ মিয়া ভায়া আব্দুর রশিদ এর বাড়ীর সামনে ড্রেইন নির্মাণ ৩০০ ফুট। ৬। বিশ্বনাথ বাজারে RHD রাস্তা হইতে পুরান পল্লী বিদ্যুৎ অফিস এর সামনের রাস্তার বাসিয়া নদীর পাড় পর্যন্ত ৬০০ফুট ড্রেইন নির্মান । ৭। কিচেন মার্কেট (কাঁচা বাজার) পীরের বাজার, বিশ্বনাথ। ৮। বিশ্বনাথ নতুন বাজারে পাবলিক টয়লেট। ৯। পাবলিক টয়লেট , মাছুখালী বাজার,বিশ্বনাথ। ১০। পাবলিক টয়লেট পিরের বাজার,বিশ্বনাথ। ১১। নরসিংপুর - গড়গাঁও আগনসাসণ দোহাল আশুগঞ্জ বাজার রোড আরসিসি করন(রোড আইডি নং- ৬৯১২০৫২২৫) । ১২। কসাই খানা পীরের বাজার, বিশ্বনাথ। ১৩। জগন্নাথপুর বিশ্বনাথ এলজিইডি রাস্তার মুখে ব্রীজ নির্মান ১০ফুট । ৪। এডিপি টেন্ডার নং-২/২০২১-২২ আইডি নং-৬৩২২৯৬ এর আওতায় (১)Maint.of Upazila Parishad Office Bhaban Boundary wall at Biswanath Upazila(2) Const.of Ghatla at Upazila Nirbahi Officer,Biswanath , Sylhet এর শুধুমাত্র ২নং ক্রমিকের কাজ পরিবর্তন করে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের এরিয়ার পুকুরের বাউন্ডারী ওয়াল মেরামত কাজ বাস্তবায়ন করার জন্য কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী নির্বাচিত ঠিকাদারের মাধ্যমে বাস্তবায়ন করা প্রয়োজন। ৫। এলজিইডি'র অন্যান্য চলমান কার্য্যক্রম স্বাভাবিক অবস্থায় আছে।	১। বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থ বছরের রাজস্ব উন্নয়ন এডিপি খাত হইতে ইজিপি এলটিএম পদ্ধতিতে প্রাক্কলন প্রস্তুত পূর্বক দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়নের জন্য অনুমোদিত হল এবং টেন্ডার ০২/২০২১-২০২২ এর প্যাকেজ নং- এর ক্রমিক নং-৪ এর ক্রমিক নং-২ এর বরাদ্দকৃত স্কীম বাতিল পূর্বক বরাদ্দকৃত টাকা একই প্যাকেজের ক্রমিক নং-১(এক) এর বরাদ্দের সাথে যুক্ত করে বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল। ২। জাইকা প্রকল্পের আওতায় বাস্তবায়িত কাজের বিল পরিশোধের বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল। ৩। উপজেলা শাহর (নন-মিউনিসিপাল) মাস্টার প্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় সভায় উপস্থাপিত প্রকল্পগুলি বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের জন্য অনুমোদিত হইল। উল্লেখিত প্রকল্পলির প্রাক্কলন প্রস্তুত করে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট এর মাধ্যমে, প্রকল্প পরিচালক, শহর (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্লান প্রনয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প মহোদয়ের দপ্তরে দাখিলের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হইল। ৪। Construction of Ghatla at Upazila Nirbahi Officer, Biswanath,Sylhet পরিবর্তন করে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের এরিয়ার পুকুরের বাউন্ডারী ওয়াল মেরামত কাজ নির্বাচিত ঠিকাদারের মাধ্যমে বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হইল। ৫। এলজিইডি'র অন্যান্য চলমান কার্যক্রম অব্যহত রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হইল।	১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ, সিলেট ২। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ,সিলেট ৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিশ্বনাথ,সিলেট ।

উপজেলা পরিষদের মার্চ ২০২২ ইং মাসের মাসিক সভার উপস্থিত স

সভাপতি:- জেনাব, মো: নুরুন্নিয়া, চেয়ারম্যান উপজেলা পরিষদ বিশ্বনাথ
তং- ১০/০৩/২০২২ ইং- সময়- সকাল- ১০.০০ ঘটিকা.

ক্র: নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	মো: হাবিবুর রহমান	ভাইস চেয়ারম্যান	
০২	বেগম নুরুন্নিয়া বেগম	মহিলা ভাইস চেয়ারম্যান	
০৩	মো: [illegible]	চেয়ারম্যান, বিশ্বনাথ	
০৪	[illegible]		
০৫	[illegible]	চেয়ারম্যান, বিশ্বনাথ	
০৬	[illegible]		
০৭	সান্তনু চন্দ্র সরকার	SAE, DPHE	
০৮	মো: শাহেদ আহমেদ আলী ভ. সহকারী উপজেলা সমাজসেবা অফিসার	U.S.K	
০৯	মো: মাহবুব আলম সরকার	UYDO	
১০	জান্নাতুল ফেরদৌস চৌধুরী	তথ্যসেবা কর্মকর্তা	
১১	বদরুন নেছা	DWAO,	
১২	মো: মাসুদুর রশিদ	BM, PSB	
১৩	কৃষ্ণা রানী নমশূদ্র	UEO,	
১৪	বিপ্লব রায়	UFPO	
১৫	সমীর কান্তি সেন	UBEO	
১৬	মো: আবুর রাজ্জাক	UEO, বিশ্বনাথ	
১৭	মো: আবু সাদেক	UE, Biswanath	
১৮	কনক চন্দ্র কর	UAO	
১৯	ডা. মোহাম্মদ আবুল কাশেম চৌধুরী	ULO.	
২০			
২১			
২২			
২৩			